আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ইসলাম গ্রহণ করতে এলাম, তিনি আমাকে বরই পাতা মেশানো পানি দিয়ে গোসল করার নির্দেশ দিলেন।

কাইস বিন ’আসিম রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ইসলাম গ্রহণ করতে এলাম, তিনি আমাকে বরই পাতা মেশানো পানি দিয়ে গোসল করার নির্দেশ দিলেন।
[সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী ও নাসায়ী বর্ণনা করেছেন।]

কাইস বিন ’আসিম ইসলাম গ্রহণ করার ইচ্ছে নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বরই পাতা মিশ্রিত পানি দ্বারা গোসল করার নির্দেশ দান করেন। কারণ, বরই পাতা পরিস্কার-পরিচ্ছন্নতায় ব্যবহার করা হয়, অধিকন্তু তার রয়েছে সুবাস ও সুগন্ধি।

http://sunnah.global/hadeeth/bn/show/65085